ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ **সারাদিন**

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সরকারের বিরোধিতা করতে পারি কিন্তু মানুষের না: দেব

পৃঃ ৫



কোহলি, রোহিত, বুমরাদের 'গোপন' অনুশীলন!

পৃঃ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৫৭ ● কলকাতা ● ০৩ আশ্বিন, ১৪৩১ ● শুক্রবার ● ২০ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## রাজ্যের বন্যা পরিস্থিতি নিয়ে ক্ষুব্ধ মমতা;

# ডিভিসির সাথে সম্পর্ক ছিন্ন করার ঘোষণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের কেন্দ্রীয় সরকারের সংস্থা 'দামোদর ভ্যালি কর্পোরেশন' (ডিভিসি)'র সাথে সম্পর্ক ছিন্ন করতে চায় পশ্চিমবঙ্গে সরকার। বৃহস্পতিবার এই ঘোষণা দিয়েছেন রাজ্যটির মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রাজ্যের একাধিক জেলায় যে বন্যার পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেই পরিপ্রেক্ষিতেই মমতার এই ঘোষণা। তার দাবি, বন্যার পানিতে নয়, ডিভিসি মাত্রাতিরিক্ত পানি ছাড়ার কারণেই রাজ্যে এই বন্যার পরিস্থিতি তৈরি হয়েছে।

এদিন বিকালে পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া, রাতুলিয়ার বন্যা কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে গণমাধ্যমে মমতা বলেন, আমি তো ডিভিসির সাথে রাজ্যের সমস্ত সম্পর্ক কাট-অফ করবোই। কলকাতা ফিরে গিয়ে আমার এই একটাই কাজ। তার দাবি, বৃষ্টির জন্য এই বন্যা হয়নি, পুরোটাই পানি ছাড়ার কারণে হয়েছে। গত ৪-৫ দিন ধরে বৃষ্টি হয়েছে সেটা আমরা সহ্য করতে পারি কিন্তু ডিভিসি যেভাবে ৫ লাখ কিউসেকে পানি ছেড়েছে এটা কোনভাবেই সহ্য করা যায় না। আগে কোনদিন এটা হয়নি। এভাবে বছরের পর বছর চলতে পারে না। দোতলার সমান পানি ঢুকেছে। আমি প্রতিনিয়ত বিষয়টির উপর নজর রাখি। ডিভিসির চেয়ারম্যানকে আমি ব্যক্তিগতভাবে ফোন করি, আমার মুখ্য সচিবও ফোন করেন। তাকে অনুরোধ করেছিলাম আপনার বাঁধে যখন ৮০ শতাংশ পানি জমে যায় তখন কেন একটু একটু করে ছাড়েন না। কারণ আমার

এরপর ৩ পাতায়

## সিবিআই দপ্তর থেকে বেরিয়ে

# সাংবাদিকদের মুখোমুখি মিনাক্ষী মুখার্জি



**বেবি চক্রবর্ত্তী : কলকাতা : নিউজ সারাদিন :** সিবিআইয়ের পক্ষ থেকে তলব করা হয়েছিল বামনেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়কে। নির্দিষ্ট সময়ে সিবিআই দপ্তরে পৌঁছে যান তিনি। তবে তৃণমূলের পক্ষ থেকে আবার মীনাক্ষী মুখোপাধ্যায়কে এই সিবিআই তলব ঘিরে নানা কটাক্ষ শুরু হয়। কিন্তু প্রায় দুই ঘন্টা সিবিআই দপ্তরে থাকার পর জিজ্ঞাসাবাদ শেষে বাইরে বেরিয়ে এসে বিস্ফোরক মন্তব্য করলেন বাম নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়যার ফলে আরজিকর নিয়ে যখন চাপে রাজ্য, তখন তাদের চাপ আরও কিছুটা বাড়লো বলেই মনে করছেন একাংশ।

সূত্রের খবর, এদিন প্রায় দুই ঘণ্টা ধরে জিজ্ঞাসাবাদ করা হয় বাম নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়কে। মূলত, যেদিন অভয়ার সঙ্গে এই ঘটনা ঘটেছিল, সেদিন তার মৃতদেহ নিয়ে যাওয়ার সময় সেখানে বাধা দিয়েছিলেন এই মীনাক্ষী মুখোপাধ্যায়। প্রথম দিন থেকেই এই ঘটনার বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন তিনি। তাই তদন্তের ক্ষেত্রে তাকে আজ জিজ্ঞাসাবাদ করে সিবিআই। আর তারপরেই বাইরে বেরিয়ে এসে প্রয়োজনে তিনি আবার আসবেন বলে জানিয়ে দেন বাম নেত্রী।

এদিন এই প্রসঙ্গে মীনাক্ষী মুখোপাধ্যায় বলেন, "তদন্তে সহযোগিতা করেছি। গোটা দেশের মানুষ, রাজ্যের মানুষ এই নৃশংস ঘটনার বিচার চাইছেন। আবার ডাকলে আবার আসব। নির্যাতিতার দোষীদের শাস্তি চাই। তদন্তে যে কোনো রকম সহযোগিতার জন্য আমরা প্রস্তুত। আইনি লড়াইয়ের পাশাপাশি রাস্তাতেও লড়াই চলবে।

## পুলিশ অবস্থান-বিক্ষোভ তোলার জন্য

# কোনও চাপ দেয়নি', বলছেন জুনিয়র ডাক্তারেরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাত থেকে স্বাস্থ্য ভবনের সামনে জুনিয়র ডাক্তারদের অবস্থান মঞ্চ থেকে প্যান্ডেলের বাঁশ এবং পেডেস্টাল ফ্যান খুলে নিয়ে যেতে দেখা যায় ডেকরেটরের লোকেদের। বৃহস্পতিবার সকালেও সেই ছবি দেখা গিয়েছে। যা থেকে গুজব ছড়ায়, তা হলে কি অবস্থান তুলে দেওয়ার জন্য কারও কাছ থেকে কোনও 'চাপ' আসছে?নবান্নের কাছে কী কী দাবি ছিল আন্দোলনকারীদের? তাঁদের প্রথম দাবি প্রতিটি মেডিক্যাল কলেজে জুনিয়র ডাক্তারদের জন্য আলাদা রেস্ট রুম, শৌচাগার, সিসিটিভি, যথাযথ নিরাপত্তাকর্মী, প্রতিটি অন কল রুমে প্যানিক বাটন বসানো, কলেজগুলিতে যৌন হেনস্থা প্রতিরোধে আইসিসি এবং কলেজভিত্তিক টাস্ক ফোর্স গঠন। দ্বিতীয় দাবি, একটি কেন্দ্রীয় 'রেফারাল সিস্টেম' গড়ে তোলা, যাতে প্রতিটি হাসপাতালে কোন বিভাগে কোন সময়ে ক'টি বেড খালি আছে, সেই তথ্য সকলে জানতে পারেন। এতে নির্মূল হবে হাসপাতালে ভর্তি নিয়ে গড়ে ওঠা দালালচক্র। এ ছাড়া তাঁদের দাবি, প্রতিটি কলেজে ভয়ের রাজনীতি বন্ধ করতে হবে। প্রতিটি কলেজে এই ধরনের ঘটনা যাঁরা ঘটিয়েছেন, ঘটিয়ে চলেছেন, তাঁদের বিরুদ্ধে তদন্ত কমিটি গড়তে হবে। এই সব দাবি নিয়েই বৃহস্পতিবার ফের মুখ্যসচিবকে ইমেল করতে চলেছেন জুনিয়র ডাক্তারেরা। এখন কী হয়, সেই দিকেই তাকিয়ে গোটা রাজ্য।এ নিয়ে প্রশ্ন করা হলে আন্দোলনরত এক জুনিয়র ডাক্তার বলেন,

এরপর ৩ পাতায়






## বন্যা কবলিত জেলা সফরে যখন মমতা, ঠিক তখনই ফোন যুবরাজের মা লতা বন্দোপাধ্যায়ের



**বেবি চক্রবর্ত্তী:কলকাতা: নিউজ সারাদিন :** বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে জেলা সফরে রয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। প্রথমে পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া পরিদর্শন করেন তিনি। তারপর যান হাওড়ার উদয়নারায়ণপুরে। মুখ্যমন্ত্রীর দাবি, ঠিক তখনই তাঁর বাড়ি থেকে ফোন আসে তাঁর কাছে। ফোন করেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মা লতা বন্দ্যোপাধ্যায়।বাড়ি ও এলাকার পরিস্থিতির কথা 'দিদি'কে জানান তিনি। আর শুনেই মমতা কী বললেন, তা জানালেন দুর্গতদের মাঝে দাঁড়িয়েই।সংবাদিকদের সামনে দাঁড়িয়েই মুখ্যমন্ত্রী বললেন, "আমার কাছে এখুনি ফোন এল, আমরা যেখানে থাকি, ওতো উঁচু করে বাঁধিয়ে দিয়েছি গঙ্গা, তাও লাস্ট সিঁড়ি পর্যন্ত জল চলে এসেছে। আমি ফোন করে বললাম লতাকে, লতা আমার সঙ্গেই থাকে, ওঁ অভিষেকের মা, বললাম শিগগিরি পাশে সরে যা।কালীঘাটের বাড়ির সামনে পরিস্থিতি বর্ণনা করতে গিয়ে তিনি বলেন, "সমস্ত গলিটলি সব জলে ডুবে গিয়েছে। এতো জল। এটা এখন চলবে দু-একটা দিন। কালকে পূর্ণিমার কোটালও গিয়েছে। তারপর যদি রোদ থাকবে, তিন চার দিন সময় লাগবে।

## জম্মু কাশ্মীরে অনুষ্ঠিত হলো সাধারণ নির্বাচন



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** দীর্ঘ এক দশক পর বিধানসভা নির্বাচন হচ্ছে জম্মু-কাশ্মীরে। ৩৭০ ধারা বাতিলের পর এই প্রথম গণতন্ত্রের উৎসবে শামিল হয়েছেন ভূস্বর্গবাসী। বুধবার ছিল প্রথম দফার ভোটগ্রহণ। আর প্রথমদিনেই জনগণের উন্মাদনা ছিল দেখার মতো। নির্বাচন কমিশনের (ECI) তথ্য অনুযায়ী, দুপুর ৩টে পর্যন্ত ৫০.৬৫ শতাংশ ভোট পড়েছে জম্মু-কাশ্মীরে। দিনশেষে এই হার আরও বাড়বে বলে আশা করা হচ্ছে। এমনকি জম্মু-কাশ্মীরের যেসব এলাকায় জঙ্গি হানার প্রবণতা বেশি সেখানকার জনগণের মধ্যেও ভোটদানের উৎসাহ লক্ষ্য করা গিয়েছে। বুধবার সকালেই জম্মু ও কাশ্মীরের জনগণকে ভোট দেওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, 'জম্মু ও কাশ্মীরের বিধাসভা নির্বাচনের প্রথম দফায় নির্বাচনি এলাকার সকলকে বিপুল সংখ্যক ভোট দিতে এবং গণতন্ত্রের উৎসবকে শক্তিশালী করার আহ্বান জানাচ্ছি।' মোট ৯০টি বিধানসভা আসনের মধ্যে বুধবার প্রথম দফায় ২৪টিতে ভোটগ্রহণ চলছে। ১ অক্টোবর পর্যন্ত তিন দফায় ভোটগ্রহণ হবে জম্মু ও কাশ্মীরে। ফল ঘোষণা হবে আগামী ৮ অক্টোবর। এদিন সকাল থেকেই বিভিন্ন বুথের সামনে ভোটারদের ভিড় লক্ষ্য করা গিয়েছে। প্রধানমন্ত্রীর ডাকে যে ভূস্বর্গবাসী সাড়া দিয়েছে, তা বলাই বাহুল্য। ধারাবাহিক জঙ্গি হামলার ঘটনা মাথায় রেখে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে বুথগুলিতে। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, দুপুর ৩টে পর্যন্ত সবচেয়ে বেশি ভোট পড়েছে কিস্তওয়ারে (৭০.০৩%)। এরপরেই রয়েছে ডোডা (৬১.৯০%) এবং রামবান (৬০.০৪%)। এছাড়া অনন্তনাগ (৪৬.৬৭%), কুলগাম (৫০.৫৭%), শোপিয়ান (৪৬.৮৪%), পুলওয়ামাতেও (৩৬.৯০%) ভোটদানের হার যথেষ্ট ভালো।

## স্বচ্ছতার জন্য লক্ষ্য পূরণের ইউনিটগুলি গ্রহণ করতে কেন্দ্রীয় সরকারি রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলি এগিয়ে এসেছে

**নয়াদিল্লি, ১৯ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** উপ-রাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় ২০২৪ সালের ১৭ সেপ্টেম্বর জাতীয় স্তরে স্বচ্ছতা হি সেবা ২০২৪ প্রচারাভিযান শুরু করার পর আবাস ও নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী শ্রী এম এল খট্টর স্বচ্ছতার লক্ষ্য পূরণের জন্য নির্দিষ্ট ক্ষেত্রগুলি চিহ্নিতকরণে আলোচনা শুরু করেছে। দেশের সর্বস্তরের নাগরিক, রাজ্য সরকার,

এরপর ৪ পাতায়

## জাতিসংঘে মোদি ও ইউনূসের বৈঠক নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানালো ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী সপ্তাহে জাতিসংঘের সাধারণ সভায় যোগ দিতে নিউইয়র্ক যাচ্ছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। তবে একাধিক রাষ্ট্রনেতার সঙ্গে বৈঠক করার কথা থাকলেও মোদি ও ইউনূসের মধ্যে কোনো দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হবে না।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্র অনুযায়ী, আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনসহ অন্যান্য বিশ্বনেতার সঙ্গে বৈঠক করলেও মোদির সঙ্গে ইউনূসের সাক্ষাতের কোনো পরিকল্পনা নেই। এরই মধ্যে শেখ হাসিনার ইস্তফা এবং তার ভারতে অবস্থান নিয়ে দুই দেশের কূটনৈতিক সম্পর্ক কিছুটা অনিশ্চিত হয়ে পড়েছে। ৫ আগস্ট শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে সরে দাঁড়িয়ে ভারতে চলে আসেন এবং এরপর থেকে তিনি সেখানেই অবস্থান করছেন। খবর আনন্দবাজারের।

প্রতিবেদনটিতে বলা হয়, বাংলাদেশের নতুন অন্তর্বর্তী সরকারের নেতৃত্বে থাকা মুহাম্মদ ইউনূস ভারতের কাছে শেখ হাসিনার প্রত্যর্পণ এবং তার বিভিন্ন বিবৃতির প্রসঙ্গও একাধিকবার তুলে ধরেছেন। এই পরিস্থিতিতে, ঢাকার ভারতীয় হাইকমিশন এবং কলকাতার ডেপুটি হাই কমিশনে কর্মরত হাসিনা সরকারের দুই কূটনীতিককে বরখাস্ত করেছে ইউনূসের নেতৃত্বাধীন সরকার, যা দুই দেশের মধ্যে উত্তেজনা বাড়িয়েছে। এছাড়াও, হাসিনার কূটনৈতিক পাসপোর্ট প্রত্যাহার করার ফলে তিনি কতদিন ভারতে অবস্থান করতে পারবেন, তা নিয়েও প্রশ্ন উঠেছে। পাশাপাশি, জামাতে ইসলামি ও হেফাজতে ইসলামের মতো দলগুলোর প্রভাব নিয়ে ইউনূস সরকারের বিরুদ্ধে উদ্বেগ তৈরি হয়েছে।

অন্যদিকে, প্রধানমন্ত্রী মোদি আগামী ২১ সেপ্টেম্বর থেকে ৩ দিনের জন্য যুক্তরাষ্ট্র সফরে যাবেন। জাতিসংঘের সাধারণ সভায় বক্তৃতা দেয়ার পাশাপাশি তিনি কোয়াডের শীর্ষবৈঠকেও অংশগ্রহণ করবেন এবং ভারতীয় বংশোদ্ভূতদের সঙ্গে একটি সভায় যোগ দেবেন। তবে, বাংলাদেশের নতুন সরকারের প্রধানের সঙ্গে তার কোনো বৈঠক হবে না বলে জানা গেছে।







## যুক্তরাষ্ট্রের আদালতে ভারতীয় কর্মকর্তাদের বিরুদ্ধে সমন জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় কর্মকর্তাদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের আদালত থেকে একটি সমন জারি হয়েছে। এটা নিয়ে আন্তর্জাতিক অঙ্গনে আলোড়ন সৃষ্টি হয়েছে। খালিস্তানপন্থী নেতা গুরপতবন্ত সিং পান্নুন হত্যার ষড়যন্ত্রের অভিযোগে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালসহ আরও কয়েকজনকে তলব করা হয়েছে। তাদের মধ্যে রয়েছেন রিসার্চ অ্যান্ড অ্যানালিটিক্যাল উইংয়ের (র) সাবেক প্রধান সামন্ত গোয়েল, এজেন্ট বিক্রম যাদব এবং ভারতীয় ব্যবসায়ী নিখিল গুপ্ত। যুক্তরাষ্ট্রের দক্ষিণ নিউইয়র্ক জেলা আদালত তাদের ২১ দিনের মধ্যে সমনের জবাব দিতে নির্দেশ দিয়েছেন।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এই মামলাকে সম্পূর্ণ ভিত্তিহীন এবং অপ্রত্যাশিত বলে অভিহিত করেছে। বৃহস্পতিবার পররাষ্ট্রসচিব বিক্রম মিশ্রি এক বিশেষ ব্রিফিংয়ে এই বিষয়ে জানান, এই অভিযোগের পেছনে যে ব্যক্তি রয়েছেন, তার অতীত ও কার্যক্রমের দিকে নজর দেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি। তবে আদালতের সমনের বিষয়ে সরাসরি মন্তব্য না করলেও মিশ্রি ইঙ্গিত দেন যে, অভিযোগকারী পান্নুন এবং তার সংগঠন 'শিখস ফর জাস্টিস' এর তৎপরতা বরং তদন্তের যোগ্য।

এই সমন জারি হয়েছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যুক্তরাষ্ট্র সফরের ঠিক আগে। এই সফরে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে মোদির গুরুত্বপূর্ণ আলোচনার সম্ভাবনা রয়েছে। খালিস্তানপন্থীদের কার্যকলাপ নিয়ে আলোচনা হবে কি না, তা নিয়ে স্পষ্ট করে কিছু বলা না হলেও, পররাষ্ট্র মন্ত্রণালয়ের পর্যবেক্ষণে রয়েছে যে, খালিস্তান ইস্যু নিয়ে যুক্তরাষ্ট্র কঠোর অবস্থান নেবে। বিশেষ করে মানবাধিকার রক্ষার প্রশ্নে তারা অনেকটাই স্পর্শকাতর। তাই মোদির সফরের ঠিক আগে সমন জারি হওয়াকে তাৎপর্যপূর্ণ হিসেবে দেখা হচ্ছে।

এদিকে, এই বিষয়ে ভারতের পদক্ষেপ কী হবে, সে সম্পর্কে পররাষ্ট্রসচিব স্পষ্ট কোনো প্রতিক্রিয়া দেননি। তবে খালিস্তানপন্থী আন্দোলন ও পান্নুনের সংগঠনকে 'দেশবিরোধী' এবং 'নাশকতামূলক কার্যকলাপের সঙ্গে যুক্ত' হিসেবে অভিহিত করেছেন তিনি। মিশ্রির মতে,ওশিখস ফর জাস্টিস্থ দীর্ঘদিন ধরেই ভারতের সার্বভৌমত্বকে ক্ষতিগ্রস্ত করার ষড়যন্ত্রে লিপ্ত। ফলে এই ধরনের অভিযোগকে গুরুত্ব দিয়ে খতিয়ে দেখা জরুরি।

প্রসঙ্গত, খালিস্তান নেতা গুরপতবন্ত সিং পান্নুন হত্যার ষড়যন্ত্রের সঙ্গে ভারতীয় ব্যবসায়ী নিখিল গুপ্ত জড়িত ছিলেন বলে অভিযোগ আনা হয়। গত বছরের জুন মাসে চেক প্রজাতন্ত্র থেকে তাকে গ্রেপ্তার করা হয় এবং পরে যুক্তরাষ্ট্রের অনুরোধে তাকে সে দেশে হস্তান্তর করা হয়। গুপ্তের বিরুদ্ধে অভিযোগ, তিনি পান্নুনকে হত্যার জন্য একজন ভাড়াটে খুনি নিয়োগ করেছিলেন এবং তাকে ১৫ হাজার ডলার অগ্রিম প্রদান করেছিলেন। তবে সেই ভাড়াটে খুনি আসলে যুক্তরাষ্ট্রের এক ছদ্মবেশী এজেন্ট ছিলেন। কেবল যুক্তরাষ্ট্রই নয়, কানাডাও ভারতের বিরুদ্ধে খালিস্তানি নেতাদের হত্যায় জড়িত থাকার অভিযোগ করেছে। কানাডায় হরদীপ সিং নিজ্জরের হত্যার পর ভারত সেই অভিযোগ অস্বীকার করেছে এবং তদন্তে সহযোগিতা করতে অস্বীকৃতি জানিয়েছে।

## রাহুল গান্ধীকে হুমকি, পুলিশে কংগ্রেসের অভিযোগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের প্রধান বিরোধী দলের নেতা ও জাতীয় কংগ্রেসের সাবেক সভাপতি রাহুল গান্ধী প্রাণসংশয়ে আছেন। কংগ্রেসের এই সংসদ সদস্যকে হত্যার হুমকি দিচ্ছেন এক বিজেপি নেতা। রাহুলের ওপরে হামলার প্ররোচনাও দিচ্ছেন ওই নেতা। আর এই অভিযোগেই এবার দিল্লি পুলিশের দ্বারস্থ হয়েছে কংগ্রেস। অভিযুক্ত বিজেপি নেতার বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেয়ার দাবিতে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছে দলটি।

১৮ সেপ্টেম্বর এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেস। প্রতিবেদনে বলা হয়েছে, লোকসভার বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধীকে 'শারীরিকভাবে আঘাত করার জন্য' বিজেপি নেতা এবং তার সহযোগীদের 'প্রকাশ্য হুমকির' বিরুদ্ধে কংগ্রেস বুধবার অভিযোগ জমা দিয়েছে।

কংগ্রেসের কোষাধ্যক্ষ অজয় মাকেন নয়াদিল্লির তুঘলক রোড থানায় অভিযোগটি জমা দেন এবং এর একটি অনুলিপি ভারতের প্রধান নির্বাচন কমিশনারের কাছেও পাঠানো হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যম সূত্রে যানা গেছে, একাধিক বিজেপি ও এনডিএ শরিকের নেতা রাহুল গান্ধীকে হত্যার হুমকি দিচ্ছে। রেল প্রতিমন্ত্রী রভনীত সিং বিট্টু থেকে শুরু করে উত্তর প্রদেশের মন্ত্রী রঘুরাজ সিং, তরবিন্দর সিং মারওয়াহ, শিবসেনা নেতা সঞ্জয় গাইকোয়াদের বিরুদ্ধে অভিযোগ এনেছে কংগ্রেস।

কংগ্রেসের দাবি, বিজেপি নেতা তরবিন্দর সিং সম্প্রতি এক জনসভায় বলেছেন, রাহুল গান্ধী নিজের আচরণ শোধরান, নাহলে তার অবস্থাও তার দাদির মতো হবে। এছাড়া রেল প্রতিমন্ত্রী রভনীত সিং বিট্টুও রাহুল গান্ধীকে দেশের এক নম্বর সন্ত্রাসবাদী বলে আক্রমণ করেছেন। উত্তর প্রদেশের মন্ত্রীও একইকথা বলেছিলেন বলে দাবি কংগ্রেসের।

শিবসেনা নেতা সঞ্জয়

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# রাজ্যের বন্যা পরিস্থিতি নিয়ে ক্ষুব্ধ মমতা; ডিভিসির সাথে সম্পর্ক ছিন্ন করার ঘোষণা

এখানে সমস্যা হয়।।

আগামী তিনদিন ঝাড়খণ্ডের সাথে সীমান্ত বন্ধ থাকবে বলে ঘোষণা দিয়ে মমতা বলেন, তার কারণ ওই সীমান্ত দিয়ে গাড়ি ঢুকলে পানিতে ভেসে যাবে। এটা আমি চাই না।

এদিকে দিন যত যাচ্ছে বন্যা পরিস্থিতি ততই খারাপ হচ্ছে পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার ঘাটাল, পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া, হুগলীর খানাকুল, পুরশুরা, আরামবাগ ও হাওড়া জেলার উদয়নারায়ণপুরসহ পূর্ব বর্ধমান এবং বীরভূম জেলার কিছু অংশে। অন্যদিকে পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটালের শীলাবতী, ঝুমি, কেঠিয়াখালের প্লাবিত পানিত ইতিমধ্যেই ঘাটাল মহকুমা বিপর্যস্ত। বহুমানুষ নিজের ভিটেমাটি ছেড়ে বিভিন্ন উঁচু ও নিরাপদ স্থানে আশ্রয় নিয়েছেন। আকাশ থেকে ড্রোনের নজরদারিতে পুরো ঘাটাল এখন ঘোলাপানিতে পরিপূণ

১-ম পাতার পর

# পুলিশ অবস্থান-বিক্ষোভ তোলার জন্য কোনও চাপ দেয়নি', বলছেন জুনিয়র ডাক্তারেরা

"বুধবার রাত থেকেই আমরা দেখছি বাঁশ, ত্রিপল ইত্যাদি খুলে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। এ নিয়ে নানা গুজব রটছে। এগুলি তো সবই জনগণের দেওয়া। এখন কেউ যদি মনে করেন তিনি আর এ বাবদ অর্থ দেবেন না, তা হলে ধর্নাস্থল থেকে নিশ্চয়ই ফ্যান, ত্রিপল খুলে নিয়ে যাওয়া হবে। এ নিয়ে আমাদের কিছু বলার নেই। কিন্তু পুলিশ এখনও সম্পূর্ণ সহযোগিতা করছে আমাদের সঙ্গে। তাঁদের তরফ থেকে কোনও চাপ আসেনি। আমাদের আন্দোলন চলছে।"

এরই মধ্যে প্রশ্ন উঠছে, বৃহস্পতিবার জুনিয়র ডাক্তারেরা ফের নিজেদের দাবিগুলি খসড়া আকারে কখন ইমেল মারফত মুখ্যসচিবকে পাঠাবেন? কী কী থাকবে সেই ইমেলে? এখন সেই দিকে তাকিয়েই প্রহর গুনছে সারা রাজ্য।বুধবার রাতে প্রায় পাঁচ ঘণ্টা পর নবান্ন থেকে বেরিয়ে ডাক্তারেরা জানান, বুধবারের আলোচনা অত্যন্ত হতাশাজনক। সব বিষয়ে শুধুই মৌখিক আশ্বাস মিলেছে। মুখে বলা হলেও দেওয়া হয়নি লিখিত আশ্বাস। বরং চিকিৎসকদের দাবিগুলিকে লিখিত আকারে মেল করতে বলেছেন মুখ্যসচিব। বৃহস্পতিবারই ওই ইমেল পাঠাবেন চিকিৎসকেরা। প্রশাসনের তরফে পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত অপেক্ষা করবেন তাঁরা।বুধবার বৈঠক থেকে ফিরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে আন্দোলনকারী চিকিৎসক অনিকেত মাহাতো সংবাদমাধ্যমকে বলেন, 'আন্দোলনের ৪০ দিনের মাথায় এসে স্বাস্থ্য সচিবের অপসারণ ও বাকি দুই দাবিতে মুখ্যসচিবের সঙ্গে বৈঠকে বসেছিলাম। হাসপাতাল-গুলিতে নিরাপত্তা, থ্রেট কালচার, ছাত্র সংসদ নির্বাচন, কলেজে কলেজে টাস্ক ফোর্স তৈরি এই সব দাবি নিয়ে আলোচনা হয়েছে। কার্যবিবরণী নিয়ে মুখ্যসচিবের সঙ্গে কিছু জায়গায় সহমত তৈরি হয়নি। বৈঠকের 'মিনিট্স' দেননি মুখ্যসচিব, শুধু মৌখিক আশ্বাস দিয়েছেন। তিনি আমাদের সব দাবিগুলিকে ফের খসড়া আকারে বৃহস্পতিবার ইমেল মারফত পাঠাতে বলেছেন। আমরা কাজে ফিরতে চাই। কিন্তু কিছু বিষয়ে সমাধানসূত্র বেরোয়নি। যত ক্ষণ না দাবি পূরণ হচ্ছে আমরা কর্মবিরতি চালিয়ে যাব।' আর এক আন্দোলনকারী চিকিৎসক রুমেলিকা কুমার বলেন, 'দীর্ঘ বৈঠকে আমাদের সব দাবি মুখ্যসচিব মেনে নিলেও তিনি 'মিনিট্স'-এ সই করতে রাজি হননি। তিনি জানান, নির্দেশ জারি করতে দু'-এক দিন সময় লাগবে। আমাদের সব দাবি লিখিত আকারে মেল করে জানাতে বলেছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর আমরা লিখিত 'মিনিট্স' পেয়েছিলাম। কিন্তু আজ বার বার অনুরোধ করা সত্ত্বেও তিনি সই করলেন না। আমাদের যে লাইভ স্ট্রিমিংয়ের দাবি ছিল সেটা যে সঠিক তা বোঝা গেল। আমরা হতাশ। দু'পক্ষ সহমত হতে পারলাম না।'

# মিডিয়া ও বিনোদন ক্ষেত্রে এক বিশাল পদক্ষেপের জন্য প্রস্তুত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ অ্যানিমেশন, ভিজ্যুয়াল এফেক্টস, গেমিং, কমিক্স ও এক্সটেনডেড রিয়্যালিটি (এভিজিসি-এক্সআর)-র জন্য জাতীয় উৎকর্ষ কেন্দ্র স্থাপনের অনুমোদন দিয়েছে। ২০১৩ সালের কোম্পানি আইনের আওতায় সেকশন-৮ কোম্পানি হিসেবে এটিকে গড়ে তোলা হবে। এই প্রতিষ্ঠানের অংশীদার হিসেবে ভারত সরকারের সঙ্গে শিল্প মহলের প্রতিনিধিত্ব করবে ফিকি ও সিআইআই। এটি মহারাষ্ট্রের মুম্বাইতে গড়ে তোলা হবে। এভিজিসি-এক্সআর ক্ষেত্র আজকের দিনে মিডিয়া ও বিনোদন ক্ষেত্রের এক অপরিহার্য অঙ্গ। চলচ্চিত্র, ওটিটি প্ল্যাটফর্ম, গেমিং, বিজ্ঞাপন এমনকি স্বাস্থ্য, শিক্ষা ও অন্যান্য সামাজিক ক্ষেত্রেও এর উপস্থিতি অনিবার্য। দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তি এবং দেশজুড়ে ইন্টারনেটের বিস্তৃতি, সেইসঙ্গে সস্তায় ডেটা পাওয়ার সুবিধা থাকায় এভিজিসি-এক্সআর ক্ষেত্রের বিকাশ, বিশ্বজুড়ে জ্যামিতিক হারে বাড়ছে। এভিজিসি-এক্সআর ক্ষেত্রের বিকাশের চালিকাশক্তি এই গতির সঙ্গে তাল রাখার জন্য জাতীয় উৎকর্ষ কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এটি প্রধান সংস্থা হিসেবে দেশে এভিজিসি-এক্সআর-এর পরিমণ্ডল গড়ে তুলবে। এই ক্ষেত্রের গবেষণা ও উন্নয়নের গতি বাড়বে এবং কম্পিউটার সায়েন্স, ইঞ্জিনিয়ারিং, ডিজাইন ও শিল্প বিশেষজ্ঞদের একজায়গায় আনবে। এই ক্ষেত্রের স্টার্ট-আপগুলির বিকাশে সহায়তা করবে এই প্রতিষ্ঠান।

এই প্রতিষ্ঠান দেশের সব প্রান্তের যুব সমাজের কাছে কর্মসংস্থানের বৃহত্তম কেন্দ্রগুলির একটি হয়ে উঠবে। সৃজনশীল শিল্প ও ডিজাইন ক্ষেত্রকে উৎসাহ দিয়ে এটি ভারতকে এভিজিসি-এক্সআর সংক্রান্ত হাব করে তুলবে এবং আত্মনির্ভর ভারত গঠনের লক্ষ্যে এগিয়ে যাবে। এই প্রতিষ্ঠান ভারতকে বিষয়বস্তু সংক্রান্ত হাব হিসেবেও গড়ে তোলার প্রয়াস চালাবে। মিডিয়া ও বিনোদন ক্ষেত্রে বিদেশী বিনিয়োগ আনার চেষ্টা করবে।

# দিল্লির নতুন মুখ্যমন্ত্রী হচ্ছেন আতিশি মার্লেনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিল্লির রাজনীতিতে আজ এক নতুন অধ্যায়ের সূচনা হতে চলেছে। আম আদমি পার্টির (আপ) নেতা অরবিন্দ কেজরিওয়ালের পদত্যাগের পর, দিল্লির নতুন মুখ্যমন্ত্রী হিসেবে আতিশি মার্লেনার নাম ঘোষণা করা হয়েছে। ১৭ সেপ্টেম্বর বেলা সাড়ে ১১টায় আপের পরিষদীয় দলের বৈঠকে দিলীপ পাণ্ডের প্রস্তাবে আতিশির নাম সর্বসম্মতভাবে সমর্থিত হয়। দলীয় সূত্র জানিয়েছে, আনুষ্ঠানিক ঘোষণা খুব শিগগিরই আসবে। খবর হিন্দুস্থান টাইমসের।

প্রতিবেদনটিতে বলা হয়- অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সাবেক এ শিক্ষার্থী শিক্ষা, পূর্তসহ বেশ কয়েকটি মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন। ৪৩ বছর বয়সী আতিশি প্রথম মন্ত্রী হন যখন উপমুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া আবগারি মামলায় গ্রেপ্তার হন। এরপর গ্রেপ্তার হন সঞ্জয় সিং এবং কেজরিওয়াল নিজেও। সংকটময় পরিস্থিতিতে আতিশি এবং অন্যান্য মন্ত্রীরা দক্ষতার সঙ্গে দিল্লির প্রশাসনিক দায়িত্ব পালন করে গেছেন।

কেজরিওয়াল ইতোমধ্যে জানিয়েছেন, তিনি আজ বিকেলে উপরাজ্যপাল বিনয় কুমার সাকসেনার কাছে তার পদত্যাগপত্র জমা দেবেন। তিনি নভেম্বর মাসে মহারাষ্ট্রের সঙ্গে দিল্লির বিধানসভা নির্বাচন আয়োজনের জন্য দাবি জানাবেন। এই দাবি গৃহীত হোক বা না হোক, আতিশি অন্তত ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করবেন, কারণ তখনই দিল্লি বিধানসভার বর্তমান মেয়াদ শেষ হবে।

দিল্লি বিধানসভার মোট আসন সংখ্যা ৭০টি। সাম্প্রতিক নির্বাচনে আম আদমি পার্টি দুই-তৃতীয়াংশ আসন জিতেছিল, তবে লোকসভার ৭টি আসনই জিতেছিল বিজেপি। কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতা করেও আপ বিশেষ সুবিধা করতে পারেনি। এবার বিধানসভা নির্বাচনে কি ফলাফল আসবে, তা নিয়ে ইতোমধ্যেই রাজনৈতিক মহলে নানা জল্পনা শুরু হয়েছে।

এদিকে, কেজরিওয়ালের অনুপস্থিতিতে তার স্ত্রী সুনীতা দলের প্রচারের মূল নেতৃত্বে আসেন। বিধানসভা নির্বাচনে তিনি প্রার্থী হতে পারেন কিনা, তা নিয়েও নানা আলোচনা চলছে।

দিল্লির রাজনীতিতে আতিশির এই নতুন দায়িত্ব গ্রহণ এক গুরুত্বপূর্ণ পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে। এবার দেখার বিষয়, তিনি কীভাবে দলের নেতৃত্ব এবং প্রশাসনিক দায়িত্ব দক্ষতার সঙ্গে পালন করতে পারেন।

# ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া কর্মসূচিতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বার্তা




**নতুন দিল্লি ১৯ সেপ্টেম্বর ২০২৪ : নিউজ সারাদিন :** ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া ২০২৪ আয়োজিত হয়েছে জেনে খুশি। বিশ্বের বিভিন্ন অংশ থেকে এসে যাঁরা এতে অংশ নিচ্ছেন তাঁদের শুভেচ্ছা।

ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া ২০২৪ বিভিন্ন দেশের অংশগ্রহণে একটি প্রাণবন্ত মঞ্চ হয়ে উঠবে আন্তর্জাতিক খাদ্য শিল্প, শিক্ষা এবং গবেষণা জগতের উজ্জ্বল মেধার উপস্থিতিতে। এতে আরও সুবিধা বৃদ্ধি এবং একে অন্যের অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার সুযোগ হবে। ভারতের খাদ্য সংস্কৃতি প্রাণবন্ত এবং বৈচিত্রপূর্ণ। ভারতের খাদ্য পরিমণ্ডলের মেরুদণ্ড কৃষক। কৃষকরাই পুষ্টিকর এবং সুস্বাদু রন্ধন উৎকর্ষের ঐতিহ্য নিশ্চিত করেছে। আমরা তাঁদের কঠোর পরিশ্রমকে সহায়তা করছি উদ্ভাবনী নীতি দিয়ে এবং রূপায়ণে জোর দিয়ে। আধুনিক যুগে প্রগতিশীল কৃষি ব্যবস্থা, শক্তিশালী প্রশাসনিক কাঠামো এবং অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে আমাদের প্রয়াস এটা নিশ্চিত করা যাতে, ভারত খাদ্যক্ষেত্রে উদ্ভাবন, দীর্ঘস্থায়িত্ব এবং সুরক্ষার জন্য আন্তর্জাতিক মান নির্ধারণ করতে পারে। গত ১০ বছরে আমরা একাধিক সংস্কার করেছি খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে বদল ঘটাতে। খাদ্য প্রক্রিয়াকরণে ১০০ শতাংশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ, প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনা, অতি ক্ষুদ্র খাদ্য প্রক্রিয়াকরণ সংস্থার আনুষ্ঠানিকতা, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পগুলির জন্য উৎপাদন ভিত্তিক উৎসাহ ভাতা কর্মসূচির মতো বহুমুখী উদ্যোগের মাধ্যমে আমরা দেশজুড়ে তৈরি করছি একটি আধুনিক শক্তিশালী পরিমণ্ডল পরিকাঠামো, জোরালো সরবরাহ শৃঙ্খল এবং কর্মসংস্থানের সুযোগ।

আমাদের ভাবনার একটি গুরুত্বপূর্ণ অংশ হল ক্ষুদ্র সংস্থাগুলির ক্ষমতায়ণ। আমরা চাই আমাদের মাঝারি, ক্ষুদ্র, অতি ক্ষুদ্র সংস্থাগুলি যেন বেড়ে ওঠে এবং আন্তর্জাতিক মূল্যশৃঙ্খলের অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে ওঠে এবং একইসঙ্গে মহিলাদের অতি ক্ষুদ্র উদ্যোগপতি হয়ে উঠতে উৎসাহ দেয়।

এইরকম এক সন্ধিক্ষণে ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া আমাদের জন্য একটি আদর্শ মঞ্চ, যেখানে সারা বিশ্বের সঙ্গে কাজ করা যায় আলাপচারিতা এবং প্রদর্শনী, ক্রেতা-বিক্রেতা বৈঠক, এবং দেশ, রাজ্য ও ক্ষেত্র ভিত্তিক অধিবেশনের মাধ্যমে। এছাড়াও ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া-এফএসএসএআই আয়োজিত আন্তর্জাতিক খাদ্য নিয়ন্ত্রক সম্মেলন ডব্লিউএইচও, এফএও এবং একাধিক খ্যাতিসম্পন্ন দেশজ প্রতিষ্ঠান সহ আন্তর্জাতিক নিয়ন্ত্রকদের একজোট করবে খাদ্য নিরাপত্তা, গুণমান মাপক এবং সেরা পদ্ধতির মতো একাধিক বিষয়ে আলোচনা করতে।

এছাড়া, আমি নিশ্চিত যে, খাদ্যের সুরক্ষা বৃদ্ধি করতে বিকিরণমুক্তকরণ ও খাদ্যের অপচয় হ্রাস, পুষ্টি এবং দীর্ঘস্থায়িত্বের জন্য ভেষজ প্রোটিনের পাশাপাশি চক্রাকার অর্থনীতির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলিও তুলে ধরা হবে।

আসুন আমরা এগিয়ে যাই এবং একটি দীর্ঘস্থায়ী নিরাপদ অন্তর্ভুক্তিমূলক এবং পুষ্টিতে ভরপুর বিশ্ব গড়ে তোলার স্বপ্ন সফল করি।

২ পাতার পর

# রাহুল গান্ধীকে হুমকি, পুলিশে কংগ্রেসের অভিযোগ

গাইকোয়াদ আবার ঘোষণা দিয়েছেন, রাহুল গান্ধীর জিহ্বা যে ছিড়ে আনতে পারবে, তাকে ১১ লাখ রুপি দেবেন তিনি। দিল্লি পুলিশের কাছে চিঠি লিখে কংগ্রেস জানিয়েছে, রাহুল গান্ধীর বিরুদ্ধে উসকানিমূলক বক্তব্যের মধ্য দিয়ে জম্মু-কাশ্মিরসহ যে রাজ্যগুলোতে নির্বাচন চলছে, সেই জায়গায় অশান্তি সৃষ্টির চেষ্টা হচ্ছে। কংগ্রেসের বক্তব্য, হত্যার হুমকিতে ভয় পান না তারা, কিন্তু এই সব ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া প্রয়োজন।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৫৭ সংখ্যা ২০ সেপ্টেম্বর, ২০২৪ শুক্রবার ০৩ আশ্বিন্র, ১৪৩১

## সম্পাদকীয়

### প্রতিরক্ষা মন্ত্রী : ভারত মহাসাগর অঞ্চলে ভারতকে এখন দেখা হচ্ছে পছন্দের নিরাপত্তা অংশীদার হিসেবে; শান্তি ও প্রগতির প্রসারে নৌবাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে

প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং নতুন দিল্লিতে ১৯ সেপ্টেম্বর ২০২৪-এ ন্যাভাল কম্যান্ডার্স ২০২৪-এর দ্বিতীয় সংস্করণে ভাষণ দিয়েছেন। ভারত মহাসাগরে শান্তি প্রগতির প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার জন্য ভারতীয় নৌবাহিনীর প্রশংসা করেছেন। তিনি এই অঞ্চলকে অর্থনীতি, ভূ-রাজনৈতিক, বাণিজ্য এবং নিরাপত্তার পরিপ্রেক্ষিতে মূল্যবান এবং সংবেদনশীল বলে আখ্যা দিয়েছেন।

প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন, ভারত একসময় ছিল সমুদ্র উপকূল নিয়েও ভূমিবেষ্টিত দেশের মতো। কিন্তু এখন এটি ভূ-সীমান্ত নিয়ে একটি দ্বীপরাষ্ট্র। তিনি দেশের সামুদ্রিক স্বার্থের সুরক্ষায় সদা প্রস্তুত থাকার জন্য ভারতীয় নৌবাহিনীর প্রশংসা করেছেন। তিনি বলেছেন, এর ফলে এই অঞ্চলে যেকোনো বিষয়ে সর্ব প্রথমেই এগিয়ে যাওয়ার কৃতিত্ব অর্জন করেছে বাহিনী।

শ্রী রাজনাথ সিং বলেন, "বিশ্ব বাণিজ্যের সিংহভাগই হয় এই অঞ্চল দিয়ে, যা তাকে মূল্যবান করে তুলেছে। আবার একইসঙ্গে জলদস্যু, অপহরণ, ড্রোন আক্রমণ, ক্ষেপণাস্ত্র হামলা এবং সমুদ্রে কেবল সংযোগ ব্যাহত হওয়ার মতো ঘটনার জন্য এটি অত্যন্ত সংবেদনশীল অঞ্চলও। আমাদের নৌবাহিনী ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলির অর্থনৈতিক স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছে এবং ভারত মহাসাগর অঞ্চলে সুষ্ঠুভাবে পণ্য পরিবহনে সাহায্য করেছে। বাহিনীর জলদস্যু বিরোধী অভিযান শুধু ভারতেই নয়, বিশ্বে প্রশংসিত হয়েছে । সমগ্র অঞ্চলে এখন ভারতকে দেখা হচ্ছে পছন্দের অংশীদার হিসেবে। যখনই প্রয়োজন আমরা এই অঞ্চলে নিরাপত্তা নিশ্চিত করবো"। প্রতিরক্ষা মন্ত্রী জোর দিয়ে বলেন যে, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারতীয় নৌবাহিনীর ক্রমবর্ধমান শক্তি সম্পর্কে আত্মসন্তুষ্টি থাকা উচিত নয়। তিনি কম্যান্ডারদের সময়ে সময়ে আত্মসমীক্ষা চালিয়ে যাওয়ার এবং বর্তমানের টালমাটাল আন্তর্জাতিক আবহে যেকোনো পরিস্থিতির জন্য প্রস্তুত থাকার আহ্বান জানান। অর্থনীতি, বাণিজ্য, পরিবহন এবং সার্বিক জাতীয় স্বার্থ রক্ষায় শক্তিশালী নৌশক্তির প্রয়োজনের ওপর জোর দিয়েছেন তিনি।

শ্রী রাজনাথ সিং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের ভাবনা অনুযায়ী আত্মনির্ভর হওয়ার লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধির জন্য অত্যাধুনিক জাহাজ, ডুবো জাহাজ ইত্যাদির অন্তর্ভুক্তির মাধ্যমে ভারতীয় নৌবাহিনীকে আরও শক্তিশালী করার উদ্যোগের কথা পুণরায় ব্যক্ত করেন। ভারতের জাহাজ নির্মাণ কারখানায় বর্তমানে নির্মাণাধীন ৬৪টি জাহাজ এবং ডুবো জাহাজ এবং ২৪টি অতিরিক্ত প্ল্যাটফর্মের জন্য বরাত দেওয়ার কথা উল্লেখ করেন তিনি। প্রতিরক্ষা মন্ত্রী আরও বলেন যে, গত পাঁচ বছরে নৌবাহিনীর আধুনিকীকরণের বাজেটের দুই তৃতীয়াংশের বেশি খরচ করা হয়েছে দেশজ উপাদানের জন্য। যার ফলে ঘরোয়া প্রতিরক্ষা পরিমন্ডলের উন্নয়ন গতি পেয়েছে। নৌবাহিনীর দেশজ পণ্য ক্রয়ের উদ্যোগের প্রশংসা করে তিনি কম্যান্ডারদের 'আত্মনির্ভরতা' অর্জনের সংকল্পকে আরও জোরদার করার পথ খোঁজার ওপর জোর দিতে বলেন। তিনি আত্মবিশ্বাসের সঙ্গে বলেন, নৌবাহিনীকে 'ক্রেতা' থেকে 'নির্মাতা'য় রূপান্তর করার ভাবনা ২০৪৭-এর মধ্যে পূর্ণ স্বনির্ভর হওয়ার লক্ষ্যের সহায়ক।

প্রতিরক্ষা মন্ত্রী যূথবদ্ধতা এবং সম্পদের পূর্ণ মাত্রায় ব্যবহারের গুরুত্ব নিয়েও বলেন। তিনি জানান যে, ভারতীয় নৌবাহিনী এবং ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর নিজস্ব শক্তি, বিধি এবং কাজের ধরন আছে। তবে, দেশের সমুদ্র নিরাপত্তা জোরদার করতে আরও সমন্বয়ের প্রয়োজন।

অনুষ্ঠানে শ্রী রাজনাথ সিং একটি প্রযুক্তি প্রদশর্নীতে যোগ দেন। সেখানে প্রদর্শিত হয় ভারতীয় নৌবাহিনী এবং অন্যান্য সংস্থার তৈরি অত্যাধুনিক প্রযুক্তির বিভিন্ন যন্ত্রপাতি এবং উপকরণ। চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, চিফ অফ দ্য নাভাল স্টাফ অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠি, প্রতিরক্ষা সচিব শ্রী গিরিধর আরামানে এবং অন্য উচ্চ পদস্থ আমলা এবং সামরিক আধিকারিকরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

দ্বিবার্ষিক এই সম্মেলনের আয়োজন করা হয় নৌ কম্যান্ডারদের মধ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ রণকৌশলগত, কার্যগত এবং প্রশাসনিক বিষয় নিয়ে আলোচনার সুবিধার জন্য। সদা পরিবর্তনশীল ভূ-রাজনৈতিক এবং ভূ-রণকৌশলগত পরিস্থিতি, আঞ্চলিক সংকট এবং পশ্চিম এশিয়ায় সমুদ্র নিরাপত্তার পরিস্থিতি নিয়ে জটিলতার প্রেক্ষাপটে এবারের এই সম্মেলন ভারতীয় নৌবাহিনীর ভবিষ্যৎ কর্মপন্থা স্থির করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পৃথিবীর সৃষ্টির সময় থেকে প্রকৃতি বা আদি এক শক্তি কাজ করছে আজও যা আমরা অনেকে মানি এবং মানিও না অনেকেই। তাই ঈশ্বরী শক্তিকে অনেকে বিশ্বাস করে, অনেকে আবার করে ও না। সবটাই নিজের মধ্যে উপলব্ধি করা এক অনুভূতি, সেই জন্য আমরা অনেকে মান্যতা দিই অনেকে দিই না। তবে ছোটবেলায় গল্প শুনতে খুব ভালোবাসতাম, এমন গল্প শুনেছি ঠাকুরদা ঠাকুরমার কাজ দিয়ে কামাখ্যায় দশমহাবিদ্যা পারদর্শী হয়ে বিপুল আধ্যাত্মিক শক্তির পরিপূর্ণ মানব। **ক্রমশঃ**

## সতর্কীকরণ

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## আদ্যাশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



গ্রহণ করেছে, তেমনভাবে আর কেই করতে পারেনি। মাতৃরূপে বা শক্তিরূপে মা দুর্গা যেমন বাঙালির অন্তরজুড়ে বিরাজ করছেন, তেমনি কন্যারূপে উমা বাঙালির সংসারে এক অভূতপূর্ব আবেগের সঞ্চার করেছে। কথিত আছে, গিরিরাজ হিমালয় ও তাঁর স্ত্রী মেনকা কন্যা উমা বা পার্বতীকে বিয়ের পর কৈলাসে শিবের ঘরে পাঠিয়েছিলেন।

বৎসারান্তরে সেই কন্যাকে দেখার জন্য মা মেনকার ব্যাকুল প্রার্থনা যেন প্রতিটি বাঙালি পরিবারের সর্বজনীন প্রার্থনায় পরিণত। ঘরের মেয়ে ঘরে আসব্বেতাই বাঙালির ঘরে ঘরে দেখা দেয় আনন্দের শিহরণ। আমাদের এই দুঃখ-দৈন্যের ঘরে শ্বশুরবাড়ি থেকে মেয়ে আসবে মাত্র চার দিনের জন্য, তাই আর সব দুঃখ ভুলে ঘরে ঘরে আনন্দের পসরা সাজায়, নতুন জামাকাপড় পরে দুঃখকে বিদায় দিয়ে আনন্দময় হয়ে ওঠে বাংলার আকাশ-বাতাস। এভাবে একটি ধর্মীয় অনুষ্ঠানকে সামাজিক উৎসবে পরিণত করার ঘটনা পৃথিবীতে আর কোথাও পাওয়া যাবে না। মা দুর্গাকে বরণ করে নেওয়ার জন্য বাঙালির আগমনী সংগীত আমাদের জীবনপ্রবাহে মিশে যাওয়া এক অবিচ্ছেদ্য ধারা। এর তাৎপর্য হৃদয় দিয়ে, গভীর বোধ দিয়ে অনুভব করতে হয়।

॥

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## ইউক্রেনে যাচ্ছে ভারতের অস্ত্র: রিপোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউক্রেনে অস্ত্র পাঠাচ্ছে ভারত। তবে সরাসরি নয়। ভারতীয় অস্ত্র প্রস্তুতকারকদের বিক্রি করা আর্টিলারি শেলগুলো ইউরোপীয় গ্রাহকরা ইউক্রেনে পাঠাচ্ছে। এ ব্যাপারে মস্কো প্রতিবাদ জানালেও নয়াদিল্লি এই অস্ত্র বাণিজ্য বন্ধে পদক্ষেপ নেয়নি। ১১ জন ভারতীয় ও ইউরোপীয় সরকার এবং প্রতিরক্ষা শিল্পের কর্মকর্তাদের বরাত দিয়ে বৃহস্পতিবার এ তথ্য জানিয়েছে আন্তর্জাতিক সংবাদমাধ্যম রয়টার্স।

সূত্র এবং শুল্ক তথ্যানুসারে, রাশিয়ার বিরুদ্ধে ইউক্রেনের প্রতিরক্ষা সমর্থন করার জন্য গোলাবারুদ স্থানান্তর এক বছরেরও বেশি সময় ধরে হয়েছে। ভারতীয় অস্ত্র রফতানি প্রবিধান অনুযায়ী, ঘোষিত ক্রেতার কাছে অস্ত্র তৃতীয় পক্ষের কাছে বিক্রি বা হস্তান্তর করতে পারে না। এ ধরনের অননুমোদিত স্থানান্তর ঘটলে ভবিষ্যতে বিক্রি বন্ধ হওয়ার ঝুঁকি রয়েছে।

তিনজন ভারতীয় কর্মকর্তা জানিয়েছেন, রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ এবং তার ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে জুলাইয়ের বৈঠকের সময়সহ ক্রেমলিন অন্তত দুটি অনুষ্ঠানে বিষয়টি উত্থাপন করেছে।

জানুয়ারিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল সংবাদ সম্মেলনে জানিয়েছিলেন, ভারত ইউক্রেনে আর্টিলারি শেল পাঠায়নি বা বিক্রি করেনি।

ভারতীয় সরকারের দুটি এবং প্রতিরক্ষা শিল্পের দুটি সূত্র জানিয়েছে, ইউক্রেন যেসব গোলাবারুদ পাঠানো হয়েছে দিল্লি তার খুব কমই উৎপাদন করেছে। এটি কিয়েভের আমদানি করা মোট অস্ত্রের ১ শতাংশেরও কম।

একজন স্প্যানিশ এবং একজন সিনিয়র ভারতীয় কর্মকর্তার পাশাপাশি ভারতীয় অস্ত্র উৎপাদনকারী যন্ত্র ভারতের সাবেক শীর্ষ নির্বাহী জানিয়েছেন, ইউক্রেনে ভারতীয় গোলাবারুদ প্রেরণকারী ইউরোপীয় দেশগুলোর মধ্যে রয়েছে ইতালি ও চেক প্রজাতন্ত্র। দেশ দুটি ইউরোপীয় ইউনিয়নের বাইরে থেকে কিয়েভকে আর্টিলারি শেল সরবরাহ করার উদ্যোগের নেতৃত্ব দিচ্ছে। ভারতের সরকারি মালিকানাধীন অস্ত্র উৎপাদনকারী যন্ত্র ইন্ডিয়া এসব অস্ত্র উৎপাদন করে।

## আরজি কর ধর্ষণ মামলায় সুপ্রিম কোর্টে ফের শুনানি ২৭ সেপ্টেম্বর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ২৭ সেপ্টেম্বর আবার আরজি কর ধর্ষণ মামলার শুনানি হবে সুপ্রিম কোর্টে। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ মঙ্গলবার তাদের পর্যবেক্ষণের পর যে নির্দেশগুলি দিয়েছে, সেগুলি কতটা কার্যকর হল সেই অগ্রগতির প্রসঙ্গ ওই শুনানিতে উঠতে পারে বলে মনে করা হচ্ছে।

মঙ্গলবারের শুনানিতে বেশ কিছু বিষয় নিয়ে প্রশ্নের মুখে পড়ে রাজ্য সরকার। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চে তদন্তের অগ্রগতি সংক্রান্ত 'স্টেটাস রিপোর্ট' জমা দেওয়ার কথা ছিল সিবিআইয়ের। সেই মতো রিপোর্ট দেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। মঙ্গলবারের শুনানিতে একাধিক গুরুত্বপূর্ণ বিষয় ওঠে। রাতে কর্মক্ষেত্রে মহিলাদের নিয়ে রাজ্য সরকারের 'বিতর্কিত' বিজ্ঞপ্তি, জুনিয়র ডাক্তারদের চলতে থাকা কর্মবিরতি, পুলিশের ভূমিকা, নানা বিষয় নিয়ে সওয়াল-জবাব চলে।

রাতে নারীদের কর্মস্থল সংক্রান্ত 'বিতর্কিত' বিজ্ঞপ্তি মুছে ফেলার রাজ্য সরকারকে নির্দেশ দিলেও সরাসরি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ইস্তফা সংক্রান্ত দাবির প্রসঙ্গ খারিজ করে দেয় প্রধান বিচারপতির বেঞ্চ। মঙ্গলবার জুনিয়র ডাক্তারদের হয়ে সুপ্রিম কোর্টে সওয়াল করেন আইনজীবী ইন্দিরা জয়সিংহ। তিনি বলেন, "জুনিয়র ডাক্তারদের আস্থা অর্জনের জন্য রাজ্যের সঙ্গে তাদের যে বোঝাপড়া, তা নথিবদ্ধ রাখা হোক। আমরা জানি, আমাদের সব দাবি এক দিনে পূরণ হবে না। জুনিয়র ডাক্তারেরা কাজে ফিরতে চান। এই বিষয়ে এখনই নজর দেওয়া দরকার।"

তবে জুনিয়র ডাক্তারদের জেনারেল বডির বৈঠক কবে হবে, তা জানাতে পারেননি আইনজীবী ইন্দিরা। বুধবারই জেনারেল বডির বৈঠকে বসেছেন জুনিয়র ডাক্তাররা। শুক্রবার আরজি করে মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে সিবিআইয়ের স্টেটাস রিপোর্ট দেখে উদ্বেগ প্রকাশ করেছিল শীর্ষ আদালত। সেই সঙ্গে তদন্তের স্বার্থে এখনই রিপোর্ট প্রকাশ্যে না আনার নির্দেশ দিয়েছিল।এ ছাড়া আরও ছয়দফা নির্দেশ দিয়েছিল প্রধান বিচারপতির নেতৃত্বাধীন বেঞ্চ। প্রথমত, উইকিপিডিয়া থেকে আরজি করে ধর্ষণ ও খুনের শিকার নির্যাতিতার নাম ও ছবি মুছে ফেলতে হবে। দ্বিতীয়ত, গত ১২ সেপ্টেম্বর তদন্ত সংক্রান্ত কয়েকটি বিষয় নিয়ে সিবিআইকে চিঠি দিয়েছিলেন নির্যাতিতার বাবা। ওই বিষয়গুলি গোপনীয়। তাই সেগুলি প্রকাশ্যে আনা হচ্ছে না। সিবিআই-কে সেগুলি গুরুত্ব দিয়ে দেখতে হবে। তৃতীয়ত, আগামী দু'সপ্তাহের মধ্যে জেলাশাসক, মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল ও সিনিয়র ডাক্তারদের প্রতিনিধির সঙ্গে আলোচনা করে হাসপাতালে শৌচাগার এবং সিসিটিভি ক্যামেরা বসাতে হবে। চতুর্থত, মহিলা চিকিৎসকেরা সেমিনার হলে বিশ্রাম নিতে গেলে তাদের বায়োমেট্রিক নেওয়া দরকার। নিরাপত্তার জন্য স্বাস্থ্যসচিবকে এই বিষয়ে পদক্ষেপ করতে হবে। পঞ্চমত, ওই ঘটনার পরে হাসপাতালের পুরো সিসিটিভি ফুটেজ সিবিআইয়ের হাতে তুলে দিতে হবে পুলিশকে। ফুটেজ নিয়ে যা সমস্যা তা মেটাতে হবে। তদন্তে পুলিশকে সহযোগিতা করতে হবে। এবং ষষ্ঠত, জুনিয়র ডাক্তারেরা বৈঠক করে কাজে যোগ দিলে তাঁদের বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করতে পারবে না রাজ্য।

২ পাতার পর

## স্বচ্ছতার জন্য লক্ষ্য পূরণের ইউনিটগুলি গ্রহণ করতে কেন্দ্রীয় সরকারি রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলি এগিয়ে এসেছে

কেন্দ্রীয় মন্ত্রক, স্বেচ্ছাসেবী সংস্থা এবং আধা-সরকারি প্রতিষ্ঠানগুলি স্বচ্ছতার কাজে নিজেদের যুক্ত করেছে। যৌথ প্রয়াস পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে ব্যাপক পরিবর্তন এনেছে। কিছু কিছু এলাকায় মাত্র একদিনে আশ্চর্যজনকভাবে সদর্থক পরিবর্তন এসেছে।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী এম এল খট্টর এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। এতে অংশ নেন ৪৫টি সংস্থার প্রতিনিধিরা। স্বচ্ছতা অভিযানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছেন সাফাই মিত্ররা। চলছে সুরক্ষা শিবির। স্বচ্ছ ভারত সাংস্কৃতিক উৎসবেরও আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী এম এল খট্টর বলেন, স্বচ্ছতা বিষয়ক কাজ কেবলমাত্র অভিযান চলাকালীন সময়ে নয়, ভবিষ্যতেও চালিয়ে যেতে হবে। বর্জ্য থেকে সম্পদ উদ্যোগকে কার্যকর করতে হবে। যথাযথভাবে বিভিন্ন স্থানের সৌন্দর্য্যায়ন করতে হবে।

# সিনেমার খবর

cinema TV

## সরকারের বিরোধিতা করতে পারি কিন্তু মানুষের না: দেব



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রকাশ্যে দেবের বহুপ্রতীক্ষিত ছবি 'টেক্কা'র প্রথম ঝলক। ছবিতে দেব, স্বস্তিকা মুখোপাধ্যায় ও রুক্মিণী মৈত্রের লুক ইতোমধ্যেই সাড়া ফেলেছে। এবার সোশ্যাল মিডিয়ায় আলোচনার কেন্দ্রে ছবির এই ঝলক। শুরুতেই দেখা যায়, এক স্কুলপড়ুয়াকে অপহরণ করে পালাচ্ছেন দেব। অপহরণকারীকে ধরতে ঝাঁপিয়ে পড়েন পুলিশের বেশে রুক্মিণী।

দেবের অনুরাগীরা মনে করছেন, 'টেক্কা' অভিনেতার ক্যারিয়ারে মাইলফলক ছবি হতে চলেছে। শুক্রবার দেব বলেছেন, "চরিত্রটাকে আগে আমাকে বিশ্বাস করতে হয়েছে। এই ধরনের ছেলেদের কষ্ট হলে এমনই হয় তাঁদের প্রতিক্রিয়া। 'চাঁদের পাহাড়'-এর শঙ্করকে সিংহের সঙ্গে লড়াই করতে হয়েছিল। 'টেক্কা'র প্রথম লুকেই বোঝা গিয়েছিল, এমন চরিত্রে আমি আগে অভিনয় করিনি। 'প্রধান'-এর চরিত্রের সঙ্গেও এর বহু ফারাক। 'টেক্কা'র চরিত্রে বেশ কিছু গ্রে শেড রয়েছে।"

এই ছবিতে সমাজের বিভিন্ন দিক তুলে ধরা হয়েছে বলে জানান দেব। তিনি বলেন, "ছবিতে সমাজের চতুর্থ স্তম্ভ, অর্থাৎ সংবাদমাধ্যমেরও একটা ভূমিকা রয়েছে। রাজনীতিবিদেরা কীভাবে একটি ঘটনাকে নিজের স্বার্থে ব্যবহার করেন, তা-ও দেখানো হয়েছে। ছবিতে বিচার পাওয়ার লড়াইও দেখানো হয়েছে। তবে বর্তমান পরিস্থিতিকে কাজে লাগিয়ে আমরা ছবির প্রচার করতে চাই না। এই ছবি বহু আগে তৈরি হয়েছে। লোকসভা নির্বাচনের আগে আমরা এই ছবির শুটিং শেষ করেছিলাম। এই ছবি দেখে ঘটনাচক্রে মনে হতে পারে, বর্তমান পরিস্থিতির বিষয় রয়েছে।"

আরজি কর-কাণ্ডের প্রতিবাদে আর্টিস্ট ফোরামের আন্দোলনে যোগ দিয়েছিলেন দেব। 'টেক্কা'র ঝলক প্রকাশিত হওয়ার পরেও রাজ্যের বর্তমান পরিস্থিতি নিয়ে কথা বলেন তিনি। টলি তারকার কথায়, "আমরা কেউ চাই না, আমাদের রাজ্যে ও দেশে কখনও আরজি করের মতো ঘটনার পুনরাবৃত্তি হোক। প্রত্যেক নারী যেন স্বাধীন ভাবে নিজের মনের মতো করে বাঁচতে পারেন, এটাই চাই।"

ইতিমধ্যে আসন্ন দুর্গোৎসব ঘিরেও বিতর্ক চলছে। অনেকেই উৎসব পালন না করার ডাক দিয়েছেন। এর প্রভাব কি ছবির বক্স অফিসে পড়বে? ছবির প্রযোজকও দেব। তার কথায়, "উৎসবটা কী? মানুষকে একত্রিত করে রাখার জন্যই উৎসব হয়। মানুষের মনে প্রতিবাদ থাকলে, তা-ও উৎসবের মাধ্যমেই পরস্পরের সঙ্গে ভাগ করে নেওয়া যায়। উৎসব মানে এই নয় যে, কাউকে প্রতিবাদ করতে আটকানো হচ্ছে। কিন্তু আমাদেরও তো কাজ করতে হবে। সকলে তো রোজ চাকরিতে যাচ্ছেন। কত মানুষের রুজিরুটি জড়িয়ে। আমাদের কাছে পাঁচ দিনের খরচ মনে হলেও কিছু মানুষের সংসার চলে এই পাঁচ দিনের রোজগারে। আমরা সরকার-বিরোধী হতে পারি, কিন্তু বাংলার মানুষের বিরোধী তো হতে পারব না। সরকার আজ আছে। পরে হয়তো অন্য কেউ আসবে। কিন্তু মানুষের বিরুদ্ধে তো যেতে পারব না। একটা বিচার পাওয়ার জন্য বাংলার বাকি মানুষের সঙ্গে অবিচার তো করতে পারব না।"

সব শেষে অভিনেতা বলেন, "এই ঘটনার সমাধান একটা নবান্ন ঘেরাও করে হবে না। দেশের আইনে বদল আনতে হবে। মানুষ যাতে এমন ঘটনা ঘটাতে ভয় পায়, তেমন কিছু করতে হবে।"

## কুপ্রস্তাবে 'না' বলায় অভিনেত্রীর সঙ্গে যা করলেন পরিচালক



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ড্রাইভে নিয়ে গাড়ির মধ্যে দেয়া কুপ্রস্তাবে রাজি না হওয়ায় গাড়ি থেকে নামিয়ে দেয়া হয় এক শুনশান রাস্তায়। সম্প্রতি গণমাধ্যমকে দেয়া সাক্ষাৎকারে এমন ভয়াবহ ঘটনারই বর্ণনা দিলেন কলকাতার।

পশ্চিমবঙ্গে আরজি কর কাণ্ডের পর নারী নির্যাতন নিয়ে সোচ্চার সেখানকার নারীরা। এরই মধ্যে টালিউডেও উঠে আসছে একের পর এক যৌন হেনস্তার অভিযোগ। বিষয়টি নিয়ে কথা বলতে শুরু করেছেন অনেক অভিনেত্রীই। তাই এবার মুখ খুলতে আর সংশয়ে থাকেননি এনাও।

খুব কম বয়সেই টালিউডে কাজের সুযোগ হয় এনার। এই অভিনেত্রী যখন অভিনয়ে আসেন, তখন তার বয়স মাত্র ১৭। ওই সাক্ষাৎকারে এনা জানান, কাজ পেতে হলে কম্প্রোমাইজ করতে হবে, এই প্রস্তাব এসেছে এনার কাছেও। আর সেটি প্রত্যাখান করতেই তার সঙ্গে ঘটে যায় সেই ভয়ংকর ঘটনা।

দশ বছর আগের ঘটনার বর্ণনা দিয়ে অভিনেত্রী বলেন, ১৭ বছর বয়সে ছবিতে নায়িকা হয়েছি। তার পরেই এক পরিচালক আমাকে ড্রাইভে যাওয়ার প্রস্তাব দেন। টালিউডে আমি খুব কম বয়স থেকে কাজ শুরু করেছি। তাই অনেক সময়েই কারও গাড়িতে উঠেছি। অন্যরকম কিছু হতে পারে ভাবিনি। সেদিনও ড্রাইভে যাওয়ার প্রস্তাব পেয়ে না করিনি। কিন্তু তারপর গাড়ির মধ্যে পরিচালক এমন কিছু করার প্রস্তাব দেন, যাতে আম্মিন্ন বলতে বাধ্য হই। তিনি রেগে যান। এরপর আমাকে রাজারহাটে একটা ফাঁকা রাস্তায় গাড়ি থেকে নামিয়ে দেন।

এনা আরো বলেন, শুধু সেদিন নয়, আরো বহুদিন এমন হয়েছে, তখন খারাপ লেগেছে। শুরুর দিকে খুব ভয় পেতাম। কারও প্রস্তাবেওন্য বলে দিলে আর কাজ পাব না, সেই ভয়টা ঘিরে ধরত। আজকে এত বছর পর নিজের প্রযোজনা সংস্থা হয়েছে বলেই হয়তো মন খুলে কথা বলছি।

নানা কারণেই আলোচনায় থাকেন অভিনেত্রী এনা সাহা। বিশেষ করে নিজের খোলামেলা পোশাক ও সাহসী অবতারের কারণে বারবার সংবাদের শিরোনামে হন তিনি। তবে বিভিন্ন সময় অন্যায়ের বিরুদ্ধে সরব হন এই অভিনেত্রী। এর আগে একাধিকবার বডি শেমিংয়ের বিরুদ্ধে প্রচার চালিয়েছেন এনা। তবুও থামানো যায়নি নিন্দুকদের মুখ। অভিনয়ের পাশাপাশি টলিউড প্রযোজক হিসাবে পরিচিত এনা। তার প্রযোজনার সংস্থার ব্যানারে মুক্তি পেয়েছে কলকাতার বেশ কিছু ছবি।

## প্রতারণা করে মডেলের সঙ্গে ঘনিষ্ঠ হন জয়জিৎ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আরজি করের ঘটনার রেশ না কাটতেই শোবিজ অঙ্গনে যৌন হয়রানি, হেনস্তার ঘটনায় উত্তাল ভারতের সিনেমাপাড়া। টালিউড ফিল্ম ইন্ডাস্ট্রিতে নারী হেনস্তার ঘটনা এখন চর্চার তুঙ্গে।

সম্প্রতি টালি পরিচালক অরিন্দম শীলকে শ্লীলতাহানির অভিযোগে বরখাস্ত করেছে কলকাতার পরিচালক সমিতি। থানায় জিডিও হয়েছে তার নামে। অরিন্দমের পর এবার তালিকায় নাম উঠে এল অভিনেতা জয়জিৎ ব্যানার্জির।




ভারতীয় গণমাধ্যমের খবর, বিভিন্ন তথ্যপ্রমাণের ভিত্তিতে জয়জিৎ-র বিরুদ্ধে অভিযোগ আনেন এক মডেল। তিনি কিছু স্ক্রিনশট শেয়ার করেছেন। সেখানে বছর তিন আগে অভিনেতা নিজে ফেসবুক মেসেঞ্জারে মডেলের সঙ্গে যোগাযোগ করেন। মডেলের কথায়, আমি অভিনয় করার জন্য অপেক্ষা করছিলাম। ফলে জয়জিৎ নিজে থেকে যোগাযোগ করায় আমি হাতে যেন চাঁদ পেলাম। কিন্তু এক পর্যায়ে জয়জিৎ-র কথার ধারা বদল হতে থাকে, সোজাসুজি শারীরিক সম্পর্কের কথা বলেন। বলেন কিছু পেতে গেলে নাকি কম্প্রোমাইজ করতে হবে।

মডেল জানান, জয়জিৎ নিজের স্ত্রীকে বিচ্ছেদ দেওয়ার আশ্বাস দিয়ে তার সঙ্গে একাধিকবার সহবাস করেন। কিন্তু, কিছু সময়ে পর তিনি বুঝতে পারেন জয়জিৎ মিথ্যা আশ্বাস দিচ্ছেন। ফাঁদে পড়েছেন বলে ভেবে বসেন ওই মডেল।

জয়জিৎ-র স্ত্রীকে এসব কথা জানান ওই মডেল। তার কথায়, তবে, তাতে কোনও লাভ হয়নি। জয়জিৎ-র স্ত্রী পাত্তা তো দেয়ই নি, সঙ্গে বলেন জয়জিৎ-র এমন অনেক সম্পর্ক আছে।

এই মডেল কেন এতদিন চুপ ছিল, সে উত্তরে জানান, এখনও সমাজ এই ধরনের ঘটনায় মেয়েদের দায়ী করে। অভিযোগের আঙুল তোলে তাদের দিকে। যার জেরে কালিমালিপ্ত হয় মেয়েটি।

## মুক্তির অপেক্ষায় জাহ্নবী কাপুরের প্রথম তেলেগু সিনেমা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে শ্রীদেবী কন্যা জাহ্নবী কাপুরের নতুন সিনেমা 'দেভারা'। করতালা শিবা পরিচালিত এই তেলেগু সিনেমাটি ২৭ সেপ্টেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। ইতিমধ্যে 'দেভারা' সিনেমাটিতে জাহ্নবীর ফার্স্টলুক প্রকাশ করা হয়েছে, যাতে তার মা প্রয়াত কিংবদন্তি অভিনেত্রী শ্রীদেবীর সাথে অনেক মিল পাওয়া গিয়েছে।

এই ছবি দিয়েই জুনিয়র এনটিআরের বিপরীতে অভিনয় করে তেলেগু চলচ্চিত্রে অভিষেক হলো জাহ্নবীর। ছবিতে জাহ্নবী ছাড়াও সাইফ আলী খানসহ আরো অনেক শক্তিশালী অভিনেতারা অভিনয় করেছেন সিনেমাটিতে।

তেলেগুতে কীভাবে তার মা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন সে সম্পর্কে বলতে গিয়ে জাহ্নবী বলেন, এটি আমার প্রথম তেলেগু চলচ্চিত্র। তাই আমি ভাষা বলতে পারি না বলে আমার সংলাপ শিখতে অনেক সময় লেগেছে। আমার মা বাড়িতে আমাদের সাথে হিন্দি এবং ইংরেজিতে কথা বলত, কিন্তু যখনই আমরা চেন্নাই (তামিলনাড়ু) যেতাম, তখন আমি তেলেগুর চেয়ে তামিল ভাষায় বেশি কথা বলতাম।

তেলেগু সিনেমাতে কাজ করা প্রসঙ্গে তিনি বলেন, বাড়িতে ফিরে আসার মতো মনে হচ্ছে। অনেক দিন পর ঘরে ফেরার অনুভূতি যেমন হয় তেমন লাগছে। সেটে থাকা প্রত্যেকেই খুব আপন মনে হচ্ছে আমার। আমি জানি এটা মায়ের প্রতি আমার তীব্র আকর্ষণের কারণে হচ্ছে।

বলিউড এবং দক্ষিণের চলচ্চিত্রে জাহ্নবী এগিয়ে নিচ্ছেন নিজেকে। যেভাবে শ্রীদেবী দক্ষিণ এবং হিন্দি উভয় সিনেমাতেই ব্লকবাস্টার সিনেমা উপহার দিয়েছেন। মেয়েও মায়ের পথেই হাঁটছেন।



## কীভাবে অসাধারণ সাফল্য অর্জন করবেন: ভেনাস উইলিয়ামসের ৮ মূলনীতি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** টেনিস দুনিয়ার কিংবদন্তি ভেনাস উইলিয়ামসকে বলা হয় টেনিস কোর্টের রানি। বিশ্বজুড়ে তার আকাশছোঁয়া সাফল্য এবার ধরা দিল কাগজে-কলমে। ভেনাস তার নতুন বই 'স্ট্রাইভ: এইট স্টেপস টু ফাইন্ড ইয়োর অসাম'-এ তার ৩০ বছরের দীর্ঘ ক্যারিয়ারের অসাধারণ সব মুহূর্ত ও শিক্ষাকে পাঠকের সামনে তুলে ধরেছেন। বইটিতে ভেনাস তার সফলতার পেছনের আটটি গুরুত্বপূর্ণ নীতির কথা বলেছেন, যা যে কোনো ক্ষেত্রে সাফল্য পেতে সহায়ক হতে পারে। এই আটটি মূলনীতি হল্ড পর্যবেক্ষণ, প্রশংসা, ভারসাম্য রক্ষা, নিজেকে সমৃদ্ধ করা, শান্ত থাকা, বিশ্বাস স্থাপন, অনুপ্রাণিত হওয়া এবং প্রচেষ্টা চালিয়ে যাওয়া। এই নীতিগুলোই তাকে জীবনের প্রতিটি ক্ষেত্রে এগিয়ে যেতে সহায়তা করেছে।

তবে, এই বই কেবল তার সাফল্যের ফর্মুলা নয়, এটি তার জীবনের দার্শনিক দৃষ্টিভঙ্গিও উপস্থাপন করে। ভেনাস কেবল নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা নয়, সবার জন্য প্রযোজ্য এমন এক সার্বজনীন শিক্ষা তুলে ধরেছেন।

ভেনাস উইলিয়ামস অলিম্পিক ইতিহাসের অন্যতম সফল টেনিস খেলোয়াড়, যিনি একক এবং দ্বৈত উভয় ক্ষেত্রেই বিশ্বের ১ নম্বর খেলোয়াড় ছিলেন। দীর্ঘ ক্যারিয়ারে বহুবার তাকে ইনজুরি এবং নানা প্রতিকূলতার মুখোমুখি হতে হয়েছে। কিন্তু তিনি কখনোই দমে যাননি। সবকিছু অতিক্রম করে তিনি টেনিস কোর্টে সাফল্যের মুকুট পরে দাঁড়িয়েছেন।

## কোহলি, রোহিত, বুমরাদের 'গোপন' অনুশীলন!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বাংলাদেশের বিরুদ্ধে টেস্ট সিরিজের প্রস্তুতি শুরু করেছে ভারতীয় ক্রিকেট দল। রোহিত শর্মা, বিরাট কোহলি, যশপ্রীত বুমরাদের প্রস্তুতিতে নজর রাখছেন কোচ গৌতম গম্ভীর। শুক্রবার ভারতীয় দলের অনুশীলন ছিল 'ক্লোজড ডোর'। গোপনীয়তা বজায় রাখতে চাইছেন গম্ভীর।

গত টি-টোয়েন্টি বিশ্বকাপের পর থেকে এক রকম বিশ্রামেই রয়েছেন ভারতীয় দলের ক্রিকেটারেরা। মাঝে শ্রীলঙ্কার বিরুদ্ধে সাদা বলের সিরিজ ছাড়া মাঠে নামেননি রোহিত, কোহলিরা। গত মার্চে ইংল্যান্ডের বিরুদ্ধে শেষ টেস্ট ম্যাচ খেলেছে ভারতীয় দল। সেই হিসাবে ছয়মাসের বেশি সময় পর লাল বলের ক্রিকেটে ফিরতে চলেছে ভারতীয় দল। তার উপর পাকিস্তানের মাটিতে ২-০ ব্যবধানে জেতা নাজমুল হোসেন শান্তর দল আত্মবিশ্বাসী। তাই বাংলাদেশের বিরুদ্ধে সিরিজকে বাড়তি গুরুত্ব দিচ্ছেন কোচ গম্ভীর। প্রস্তুতিতে ফাঁক রাখতে চাইছেন না।

ভারতীয় দলের কয়েক জন ক্রিকেটার এখন দলীপ ট্রফি খেলতে ব্যস্ত। প্রস্তুতি শিবিরে সকলে যোগ দিতে পারেননি। যারা এসেছেন, তাদের নিয়েই কাজ শুরু করে দিলেন গম্ভীর। শুক্রবার সকালে চেন্নাই পৌঁছে গিয়েছেন ভারতীয় দলের নতুন বোলিং কোচ মর্নি মর্কেল। এ দিন ভোর ৪টার সময় লন্ডন থেকে সরাসরি চেন্নাই পৌঁছান কোহলি। সূত্রের খবর, প্রথম দিন নেটে ৪৫ মিনিট অনুশীলন করেছেন কোহলি। প্রায় নয় মাস পর টেস্ট ক্রিকেটে ফিরবেন ভারতীয় দলের সাবেক অধিনায়ক।

টি-টোয়েন্টি বিশ্বকাপের পর মাঠে ফিরতে চলেছেন বুমরা। টেস্ট মৌসুমে কথা ভেবে জিম্বাবুয়ে এবং শ্রীলঙ্কার বিরুদ্ধে তাকে খেলায়নি ভারতীয় ক্রিকেট বোর্ড। টেস্ট সিরিজে তাঁকে তরতাজাভাবে পেতে চেয়েছিলেন গম্ভীর। শুক্রবার তিনিও শিবিরে যোগ দিয়েছেন। বেশ কিছু ক্ষণ নেটে বোলিং অনুশীলন করেছেন।

বুমরা ছাড়াও রোহিত, ঋষভ পন্থ, লোকেশ রাহুল বৃহস্পতিবার রাতে চেন্নাই পৌঁছান। শুক্রবার সকলেই অনুশীলন করেছেন। দলীপ ট্রফির ম্যাচ শেষ হলে দলের অন্য ক্রিকেটারেরাও যোগ দেবেন শিবিরে।

## শোয়েব মালিকের বিরুদ্ধে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কঠিন সময় পার করছে পাকিস্তান ক্রিকেট। এরই মধ্যে সামনে এসেছে আরেক তথ্য। শোয়েব মালিকের বিরুদ্ধে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগ তুলেছেন বাসিত আলী। একই সঙ্গে পাকিস্তানের ঘরোয়া টুর্নামেন্ট 'চ্যাম্পিয়ন ওয়ানডে কাপে' মালিককে কেন স্ট্যালিয়ন্সের মেন্টর নিয়োগ দেয়া হয়েছে সেজন্য পাকিস্তান ক্রিকেট বোর্ডেরও (পিসিবি) সমালোচনা করেছেন দেশটির সাবেক এই ক্রিকেটার।

বাসিতের কাছে মালিকের ম্যাচ ফিক্সিংয়ের প্রমাণ আছে বলেও জানিয়েছেন। পিসিবির সাবেক চেয়ারম্যান রমিজ রাজার সঙ্গে সাক্ষাৎকারে ম্যাচ ছেড়ে দেয়ার কথা স্বীকার করেছিলেন মালিক, এমনটাও জানিয়েছেন তিনি। বাসিত বলেছেন, 'যারা দেশের কথা ভাবতে পারে না, তাদের নিয়োগ দেওয়া উচিত নয়। যারা ইচ্ছাকৃতভাবে একটি ম্যাচ হারের কথা স্বীকার করেছে, তাদের মেন্টর হওয়া উচিত নয়। প্রমাণ চাইলে দেবো। শোয়েব মালিকের সাক্ষাৎকার নিয়েছেন রমিজ রাজা সাহেব। তিনি কী বলেছিলেন?'

বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজের পর পাকিস্তানের ক্রিকেটাররা এখন ব্যস্ত চ্যাম্পিয়ন্স কাপে। পাঁচ দলের এই টুর্নামেন্টে স্ট্যালিয়ন্সের অধিনায়ক করা হয়েছে মোহাম্মদ হারিসকে। একই দলের হয়ে খেলছেন পাকিস্তান দলের সীমিত ওভারের অধিনায়ক বাবর আজমও। তবে তাকে অধিনায়কত্ব না দেয়ায় চঠেছেন বাসিত।

## এমবাপ্পেকে পাওনা অর্থ দেওয়ার আদেশ প্রত্যাখ্যান পিএসজির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লম্বা সময় ধরে চলা নানা জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে চলতি বছরের জুলাইতে রিয়াল মাদ্রিদে যোগ দেন কিলিয়ান এমবাপ্পে। কোনো রকম ট্রান্সফার ফি ছাড়াই পিএসজি থেকে স্প্যানিশ জায়ান্ট শিবিরে যোগ দেন ফরাসি তারকা। উল্টো ফরাসি ক্লাবটি থেকে টাকা পাবেন তিনি। ইতোমধ্যে নিজের পাওনা বেতনের জন্য তার আবেদনের প্রেক্ষিতে পিএসজিকে নির্দেশ দিয়েছে একটি কমিশন। তবে ফ্রেঞ্চ লিগের আইনি কমিশনের এই নির্দেশ প্রত্যাখ্যান করেছে পিএসজি। এই রায়ে সন্তুষ্ট নয় তারা, অন্য আদালতে আইনি লড়াই করার ঘোষণা দিয়েছে ক্লাবটি। এদিকে রায় দেওয়ার আগে এমবাপ্পে ও পিএসজির মধ্যে মধ্যস্থতার প্রস্তাব দিয়েছিল কমিশন। কিন্তু ফরাসি ফরোয়ার্ড সেটি প্রত্যাখ্যান করে।

বার্তা সংস্থা এএফপি থেকে জানা যায়, সম্প্রতি এমবাপ্পের পাওনা সাড়ে পাঁচ কোটি ইউরো বা প্রায় ৭২৫ কোটি টাকা আদায়ের জন্য ফ্রেঞ্চ লিগের আইনি কমিশনের শুনানিতে অংশ নেয় ক্লাব ও এমবাপ্পের প্রতিনিধিরা। সেখানে এক সপ্তাহের মধ্যে রিয়াল মাদ্রিদ তারকার পাওয়া অর্থ আদায়ে পিএসজিকে নির্দেশ দেয় কমিশনটি। কিন্তু পিএসজি সেটি প্রত্যাখ্যান করে।

পিএসজি ছাড়ার পরই প্রাক্তন ক্লাবের বিরুদ্ধে পাওনা বেতন ও বোনাসের একটি অংশ না দেওয়ার অভিযোগ করেন এমবাপ্পে। যেটির পরিমাণ সাড়ে পাঁচ কোটি ইউরো বা প্রায় ৭২৫ কোটি টাকা। যদিও পিএসজি দাবি করছে, আগেই নিজের প্রাপ্য অর্থ ছাড় দিয়েছিলেন এমবাপ্পে।

## মেসি ২০২৬ বিশ্বকাপ খেলবে: রিকেলমে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ২০২২ বিশ্বকাপ লিওনেল মেসি নৈপুণ্যেই জিতেছে আর্জেন্টিনা। বর্তমানে এই মহাতারকার বয়স ৩৭ ছাড়িয়ে গেছে। ২০২৬ বিশ্বকাপে মেসির বয়স হবে ৩৯ বছর। তাই মেসি পরবর্তী বিশ্বকাপে খেলবেন কি-না সে প্রশ্ন ঘুরেফিরে আসছেই। বর্তমান সময়টায় মেসি চোটেও পড়ছেন বেশ। তবে মেসি যে ২০২৬ বিশ্বকাপ খেলবেন তাতে কোনো দ্বিধাই নেই সাবেক আর্জেন্টাইন ফুটবলার হুয়ান রোমান রিকেলমের। ১৫ বছরেরও বেশি সময় ধরে আর্জেন্টিনা জাতীয় দলের ১০ নম্বর জার্সি পরে খেলছেন মেসি। এই জার্সিটি উত্তরাধিকারসূত্রে পেয়েছিলেন রিকেলমের কাছ থেকে। এক সঙ্গে অনেক ম্যাচই খেলেছেন এ দুই তারকা। কিছু সময়ের জন্য লা লিগায় একে অপরের বিপক্ষেও খেলেছেন। এমনকি ২০০৮ বেইজিং অলিম্পিকে একত্রে স্বর্ণপদক জিতেছেন তারা।

বর্তমানে রিকেলমে বোকা জুনিয়র্সের ভাইস প্রেসিডেন্ট এবং মেসি এখনও ড্রিবল চালিয়ে যাচ্ছেন। যদিও অবসরের খুব কাছাকাছি চলে এসেছেন আর্জেন্টাইন অধিনায়ক। সাম্প্রতিক সময়ে শারীরিক অসুস্থতাও বিষয়টিও ভাবাচ্ছে মেসিকে। কোপা আমেরিকার ফাইনালে ডান পায়ের গোড়ালিতে লিগামেন্টের চোট থেকে সেরে এখনও মাঠে ফিরতে পারেননি।

তবে মেসি যে ২০২৬ সালের বিশ্বকাপে খেলবেন এ নিয়ে কোনো সন্দেহই নেই রিকেলমের, 'মেসি প্রতিনিয়তই নিজেকে নতুন করে আবিষ্কার করে চলেছে। আপনি কখনই জানেন না ও কী করতে পারে। আমার কোনো সন্দেহ নেই যে ও আগামী বিশ্বকাপে খেলবে। ওকে খেলতে হবে। আমরা এটি ঘটানোর জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করব।'

মাঝেমধ্যেই দুইজনের মুঠোফোনে কথা হয় বলেই ২০২৬ বিশ্বকাপে মেসির খেলার ব্যাপারে আত্মবিশ্বাসী রিকেলমে, 'আমি ওর সঙ্গে কথা বলি, আমি ওকে খুব বেশি জ্বালাতন করি না, তবে আমরা কথা বলি। সে কারণেই আমি মনে করি ও বিশ্বকাপে খেলতে যাচ্ছে, ও খুব ভালো, ও স্বাভাবিক নয়। ও প্রতিদ্বন্দ্বিতা করতে পছন্দ করে এবং জিততে চায়।'

## ১০০ কোটি মানুষ ফলো করছেন রোনালদোকে!




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ক্রিস্টিয়ানো রোনালদো ৯০০ গোলের মাইলফলক ছাড়িয়ে এখনও দুর্দান্ত গতিতে ছুটছেন। এবার গড়লেন আরেক রেকর্ড। সামাজিক যোগাযোগমাধ্যমে বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে ১ বিলিয়ন ( ১০০ কোটি) অনুসারীর মাইলফলক ছুঁয়েছেন এই পর্তুগিজ মহাতারকা।

সামাজিক যোগাযোগমাধ্যমে রোনালদো নিজেই জানিয়েছেন এই কথা। ইংরেজিতে ১ই আকৃতির মধ্যে বর্ণাঢ্য ক্যারিয়ারের অনেকগুলো মুহূর্তের ছবি বসিয়েছেন রোনালদো। শিরোনাম দিয়েছেন ১০০ কোটির স্বপ্ন, একটি যাত্রা।

পোস্টে রোনালদো লিখেছেন, 'আমরা ইতিহাস সৃষ্টি করেছি, ১ বিলিয়ন (১০০ কোটি) অনুসারী! এটি শুধু সংখ্যা নয়, তারচেয়েও বেশি কিছু। এটি আমাদের ভাগাভাগি করে নেওয়া আবেগ, উদ্যম, খেলার প্রতি ভালোবাসা এবং এর বাইরেও আরও অনেক কিছুর প্রমাণ।'

রোনালদো মাদেইরার রাস্তা থেকে বিশ্বের সবচেয়ে বড় মঞ্চ পর্যন্ত হাঁটার স্মৃতিও রোমন্থন করেছেন। সমর্থকদেরও দিয়েছেন ধন্যবাদ। রোনালদো লিখেছেন, 'আমার এ যাত্রাপথের প্রতিটি পদক্ষেপে, সব উত্থান-পতনে আপনারা আমার সঙ্গী হয়েছেন। এই যাত্রা আমাদের যাত্রা এবং আমরা একসঙ্গে দেখিয়েছি যে আমরা যা অর্জন করতে পারি, তার কোনো সীমা নেই।'

বর্তমানে ছয়টি প্ল্যাটফর্ম ব্যবহার করছেন রোনালদো। ইনস্টাগ্রামে তার অনুসারী ৬৩ কোটি ৯০ লাখ। যা বিশ্বের মোট জনসংখ্যার প্রায় ৮ শতাংশ। দুইয়ে আছে ফেসবুক। এই প্ল্যাটফর্মে রোনালদোর অনুসারী সংখ্যা ১৭ কোটি ৫ লাখ। এক্সে (সাবেক টুইটার) ১১ কোটি ৩০ লাখ। রোনালদো তার ইউটিউব চ্যানেল 'ইউআর ক্রিস্টিয়ানো' প্রকাশ্যে এনেছেন তিন সপ্তাহ হলো। সেই চ্যানেলেও সাবস্ক্রাইবার বেড়েছে 'বিদ্যুৎগতি'তে। ভিডিও শেয়ারিংয়ের এই প্ল্যাটফর্মে অল্প সময়েই তাঁর সাবস্ক্রাইবার হয়েছে ৬ কোটি ৬ লাখ।

এ ছাড়া চীনের মালিকানাধীন দুটি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করেন রোনালদো। একটি কোয়াইশু, অন্যটি ওয়েইবো। কোয়াইশুতে তাঁর অনুসারী সংখ্যা ৯৪ লাখ, ওয়েইবোতে ৭৫ লাখ।

সামাজিক যোগাযোগমাধ্যমে অনুসারী সংখ্যায় রোনালদো শীর্ষে আছেন অনেক দিন ধরেই। দুইয়ে থাকা যুক্তরাষ্ট্রের সংগীতশিল্পী সেলেনা গোমেজের সঙ্গে তাঁর অনুসারী সংখ্যার ব্যবধান এবার আরও বেড়ে গেল। বর্তমানে সেলেনার অনুসারী রোনালদোর চেয়ে ২৯ কোটি ১৮ লাখ কম। শীর্ষ পাঁচের অন্য তিনজনও সংগীতশিল্পী। যথাক্রমে তিনে, চারে ও পাঁচে আছেন জাস্টিন বিবার, টেলর সুইফট ও আরিয়ানা গ্রান্ডে।

## মেসির পর্যায়ে পৌঁছানো অসম্ভব: ইয়ামাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ধারবাহিকভাবে দুর্দান্ত পারফরম্যান্সের কারণে এবং বার্সাতেই নিজের জাত চেনানোয় অনেকে লিওনেল মেসির সঙ্গে লামিনে ইয়ামালের তুলনা করতে শুরু করেছেন। এমনকি ভাবা হচ্ছে, একসময় মেসিকেও ছাড়িয়ে যাবেন তিনি। কিন্তু ইয়ামাল নিজে অতদূর ভাবছেন না। তার মতে, মেসির পর্যায়ে পৌঁছানো অসম্ভব।

মেসির সঙ্গে তুলনা করায় অবশ্য কিছুটা খুশিই ইয়ামাল। কিন্তু তিনি নিজে বাস্তবতা বুঝেই পরিণত উত্তর দিয়েছেন। স্প্যানিশ টিভি চ্যানেল আন্তেনা থ্রি-কে তিনি বলেন, 'আমি মেসি না, ইয়ামাল হতে চাই। ইতিহাসের সেরা মেসির সঙ্গে তুলনা আমি পছন্দ করি, কিন্তু মেসির পর্যায়ে পৌঁছানো অসম্ভব।'

মাত্র ১৭ বছর বয়সেই ইয়ামাল বিশ্বের বড় বড় ফুটবল তারকাদের চ্যালেঞ্জ ছুড়ে দিচ্ছেন। গত অক্টোবরে লা লিগার ইতিহাসে সবচেয়ে কম বয়সে গোল করার কীর্তি গড়েছেন। সবচেয়ে কম বয়সে ইউরো খেলার রেকর্ডও এখন তার দখলে। বার্সার হয়ে লা লিগা, স্পেনের হয়ে ইউরো জেতার স্বাদও পেয়ে গেছেন। এখন সামনে অফুরন্ত সম্ভাবনা আছে তার। ইয়ামালের সঙ্গে মেসির সম্পর্ক অবশ্য অনেক পুরনো। ২০০৭ সালে এক ফটোশুটে দুজনকে একসঙ্গে দেখা যায়। ওই সময় ইয়ামালের বয়স মাত্র ৬ মাস। এক প্রতিযোগিতায় জিতে একটি চ্যারিটি ক্যালেন্ডারে মেসির সঙ্গে জায়গা করে নিয়েছিলেন ইয়ামাল। ওই ঘটনা নিয়ে ইয়ামাল বলেন, 'সে (মেসি) তার নিজের কিছু ক্ষমতা আমাকে দিয়েছিল। আমার এখনও অনেক কিছু দেওয়ার আছে।'

গত ইউরোর সেমিফাইনালে ফ্রান্সের বিপক্ষে তার গোলে সমতা ফিরিয়েছিল স্পেন। পরে ইংল্যান্ডকে হারিয়ে আসরের চ্যাম্পিয়ন হয় স্প্যানিশরা। এরপর ট্রান্সফার মার্কেটে ইয়ামালের মূল্য বেড়ে দাঁড়ায় ১২০ মিলিয়ন ইউরোয়। কিন্তু এ নিয়ে কোনো ভ্রূক্ষেপ নেই ইয়ামালের। জানিয়ে দিলেন, 'আমি ওই ১২০ মিলিয়ন ইউরো চাই না, কারণ তাহলে আমাকে বার্সা ছাড়তে হবে। আশা করি এমনটা হবে না। আমি বার্সা ছেড়ে যেতে চাই না, আমি (বার্সার) কিংবদন্তি হতে চাই।'

## ওয়ার্নের জন্মদিনে সন্তানদের আবেগঘন পোস্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়া ক্রিকেটে অবিচ্ছেদ্য অংশ হয়ে ছিলেন শেন ওয়ার্ন। হার্ট অ্যাটাকের শিকার হয়ে ২০২২ সালের ৪ মার্চ ৫২ বছর বয়সে পরলোক গমন করেন সর্বকালের অন্যতম সেরা এ লেগ স্পিনার। আজ শুক্রবার এ কিংবদন্তির ৫৫তম জন্মদিন। তার জন্মদিনের কথা স্মরণ করে সন্তানরা আবেগঘন পোস্ট দিয়েছেন।

ওয়ার্নের বড় মেয়ে ব্রুক ওয়ার্ন বাবার জন্মদিনে আবেগঘন পোস্ট দিয়েছেন সমাজমাধ্যমে। নিজের ভেরিফায়েড ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে ব্রুক বৃহস্পতিবার মধ্যরাতে লিখেছেন, 'বাবা তোমাকে স্বর্গীয় জন্মদিনের শুভেচ্ছা। তোমাকে খুব ভালোবাসি। তোমার জন্য আজকের দিনটা সব সময়ই বিশেষ।' ব্রুকের ছবিতে দেখা যাচ্ছে, সুইমিংপুলে বাবা ওয়ার্নের সঙ্গে আছেন তিনি (ব্রুক)। বোনের পাশাপাশি বাবার জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন ওয়ার্নের ছেলে জ্যাকসন ওয়ার্নও। 'শুভ জন্মদিন বাবা।' এ পোস্টে ওয়ার্নের সঙ্গে একটি ছবিও জুড়ে দেন জ্যাকসন।

ওয়ার্ন টেস্ট ও ওয়ানডে মিলিয়ে ৩৩৯ ম্যাচে নিয়েছেন ১০০১ উইকেট। ৪৯৫ ম্যাচে ১৩৪৭ উইকেট নিয়ে তার ওপরে শুধু শ্রীলঙ্কান কিংবদন্তি মুত্তিয়া মুরালিধরন।

স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR